

৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
www.bkbb.gov.bd


বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২য় প্রান্তিকের ত্রৈমাসিক ভিত্তিতে সভার কার্যবিবরণী।

সভাপতি : মুঃ মোহসিন চৌধুরী, মহাপরিচালক
সভার তারিখ : ০৯ নভেম্বর, ২০২২
সভার সময় : সকাল ১২.০০ টা।
সভার স্থান : বোর্ডের সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট - “ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
০১.	প্রত্যেক বিভাগের সিটিজেন্স চার্টার হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বিভাগীয় কার্যালয়সমূহে ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন্স চার্টার হালনাগাদের সিদ্ধান্ত গৃহীত হয়। ওয়েবসাইটের সিটিজেন্স চার্টার হালনাগাদের পাশাপাশি অফিসের দৃশ্যমান সিটিজেন্স চার্টার হালনাগাদেরও সিদ্ধান্ত গৃহীত হয়।
০২.	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক, ওয়েবসাইটে সেবাপ্রাপ্তির নির্দিষ্ট স্থান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	(১) সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক উল্লেখ করতে হবে এবং এইচটিএমএল লিংকে সংশ্লিষ্ট ফর্মটি সিটিজেন্স চার্টার এর নির্দিষ্ট অংশে সরবরাহ করতে হবে। (২) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইটে কর্মকর্তাদের নাম ও পদবির সাথে আবশ্যিকভাবে নাম ও মোবাইল নম্বর সহ তথ্য দিতে হবে। (৩) সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রদত্ত তথ্যকে আরো জনবান্ধব করতে পিডিএফ এর পরিবর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরূপ এইচটিএমএল পেজে (ডাইনামিক আপডেট ও এক্টিভ হাইপার লিংক এর সুবিধাসহ) আপলোড করতে হবে। (৪) ওয়েবসাইটের বিন্যাসে সরকারী পোর্টাল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পৃথক বক্স আইকন রাখতে হবে। (৫) স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মুঃ মোহসিন চৌধুরী)
মহাপরিচালক